# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৯৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৮. দু‘আ সম্পর্কে

باب الدُّعَاءِ

---

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللهِ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ، عَنْ أَبِيهِ، عَنْ عُمَرَ، ـ رضى الله عنه ـ قَالَ : اسْتَأْذَنْتُ النَّبِيَّ صلي الله عليه وسلم فِي الْعُمْرَةِ فَأَذِنَ لِي، وَقَالَ : "لاَ تَنْسَنَا يَا أُخَىَّ مِنْ دُعَائِكَ " . فَقَالَ كَلِمَةً مَا يَسُرُّنِي أَنَّ لِي بِهَا الدُّنْيَا قَالَ شُعْبَةُ : ثُمَّ لَقِيتُ عَاصِمًا بَعْدُ بِالْمَدِينَةِ فَحَدَّثَنِيهِ وَقَالَ " أَشْرِكْنَا يَا أُخَىَّ فِي دُعَائِكَ "

ـ ضعيف

বাংলা

১৪৯৮। ’উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ’উমরাহ করতে যাবার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে অনুমতি চাইলে তিনি আমাকে অনুমতি দিয়ে বললেনঃ হে আমার ছোট ভাই! তোমার দু’আয় আমাদেরকে যেন ভুলো না। পরবর্তীতে ’উমার (রাঃ) বলেন, তাঁর এ একটি শব্দ আমাকে এতোটা আনন্দ দিয়েছে যে, এর বিনিময়ে সমগ্র দুনিয়ার সম্পদও আমাকে এতোটা আনন্দিত করতে পারতো না। শু’বাহ (রহঃ) বলেন, পরবর্তীতে আমি মদীনায় ’আসিমের সাথে দেখা করলে তিনি আমাকে এ হাদীসটি বর্ণনা করেন। তবে তিনি ’আমাদেরকে ভুলো না’ এর স্থলে ’আমাদেরকেও শরীক করো’ বলেছেন।[1]

দুর্বল।

## English

Narrated Umar ibn al-Khattab:

I sought permission of the Prophet (ﷺ) to perform umrah. He gave me permission and said: My younger brother, do not forget me in your supplication.

He (Umar) said: He told me a word that pleased me so much so that I would not have been pleased if I were given the whole world.

The narrator Shu'bah said: I then met Asim at Medina. He narrated to me this tradition and reported the wordings: "My younger brother, share me in your supplication."

## ফুটনোট

[1] বায়হাক্বী ‘সুনানুল কুবরা’ (৫/২৫১), ইবনু সা‘দ ‘ত্বাবাক্বাত (৩/১৯৫) ‘আসিম ইবনু ‘উবাইদুল্লাহ হতে। এর সানাদ দুর্বল। সনদের ‘আসিম ইবনু ‘উবাইদুল্লাহ সম্পর্কে হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেন : দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন